

COVID-19 ভ্যাক্সিন নিয়ে প্রচলিত মিথগুলোর আসল বাস্তবতা।

NYC
HEALTH+
HOSPITALS

COVID-19 ভ্যাক্সিন সম্পর্কে প্রচুর তথ্য রয়েছে। এর অনেকগুলোই অসত্য।
প্রকৃত তথ্য জানুন এবং সুস্থ থাকুন।

মিথ: COVID-19 ভ্যাক্সিন নিরাপদ নয় কারণ সেগুলো খুব তড়িঘড়ি করে তৈরি করা হয়েছে।

বাস্তবতা: এই ভ্যাক্সিন বৈজ্ঞানিকভাবে নিরাপদ এবং কার্যকর প্রমাণিত হয়েছে।

COVID-19 ভ্যাক্সিন খাদ্য ও ঔষধ প্রশাসনের (Food and Drug Administration, FDA) কাছ থেকে অনুমোদন পাওয়ার জন্য ক্লিনিক্যাল ট্রায়াল এবং নিরাপত্তা পর্যবেক্ষণের মধ্য দিয়ে গিয়েছে। Pfizer (ফাইজার) ভ্যাক্সিনের ক্লিনিক্যাল ট্রায়ালে অংশ নেন 40,000 এর অধিক মানুষ, এবং 30,000 এর অধিক অংশ নেন Moderna (মডার্না) এর ট্রায়ালে।

মিথ: COVID-19 ভ্যাক্সিন তীব্র পার্শ্ব প্রতিক্রিয়া এবং অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া সৃষ্টি করে।

বাস্তবতা: এই ভ্যাক্সিনের কারণে অন্যান্য ভ্যাক্সিনের মত হালকা পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে।

সবচেয়ে সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া হল ক্লান্তি, মাথা ব্যথা, ইনজেকশন গ্রহণের স্থানের চারপাশে ব্যথা বা লালচে ভাব, এবং পেশী বা জয়েন্টে ব্যথা। এসবের মত পার্শ্ব প্রতিক্রিয়াগুলি অপ্রীতিকর হলেও এগুলো হল নিদর্শন যে আপনার দেহ নিজেকে COVID-19 সৃষ্টিকারী ভাইরাস থেকে রক্ষা করতে কাজ করছে। যাদের এই ভ্যাক্সিনের কোনো উপাদানের প্রতি তীব্র অ্যালার্জিজেনিত প্রতিক্রিয়া আছে তাদের এই ভ্যাক্সিন না নেওয়া উচিত।

মিথ: COVID-19-এ আক্রান্ত হলে আমার খুব বেশি অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি নেই, তাই আমার এই ভ্যাক্সিনের প্রয়োজন নেই।

বাস্তবতা: আপনার ঝুঁকির মাত্রা যাই হোক না কেন, আপনি এখনও এই ভাইরাসে সংক্রমিত হতে পারেন এবং এটি ছড়িয়ে দিতে পারেন।

একবার এটি ব্যাপকভাবে সুলভ হলে, যত বেশি সম্ভব উপযুক্ত প্রাপ্তবয়স্কদের এই ভ্যাক্সিন দেওয়া হলে তা আমাদের কমিউনিটিকে এই ভাইরাস থেকে রক্ষা করতে সাহায্য করবে — এটাকে বলা হয় হার্ড ইমিউনিটি।

মিথ: ভ্যাক্সিনটি থেকে আমার COVID-19 হতে পারে।

বাস্তবতা: ভ্যাক্সিনটি থেকে আপনার COVID-19 হবে না।

অনুমোদিত COVID-19 ভ্যাক্সিনের কোনোটিই জীবিত ভাইরাস ব্যবহার করে না। ভ্যাক্সিনে এমন কিছু নেই যা COVID-19 সৃষ্টি করতে পারে। Pfizer এবং Moderna-এর ভ্যাক্সিন mRNA ব্যবহার করে, যা বার্তাবাহক রাইবোনিউক্লিক এসিডকে বোঝায়। mRNA আমাদের কোষগুলোকে শেখায় যে কিভাবে একটি প্রোটিন তৈরি করতে হয় যা আমাদের শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা সৃষ্টি করে। ঐ ইমিউন রেসপন্স বা রোগ প্রতিরোধী প্রতিক্রিয়া যা অ্যান্টিবডি উৎপাদন করে, সেটি আসল ভাইরাস আমাদের শরীরে প্রবেশ করলে আমাদেরকে সংক্রমিত হওয়া থেকে রক্ষা করে।

COVID-19
ভ্যাক্সিনের পক্ষে
সবাই হাত তুলুন।

মিথ: COVID-19 ভ্যাক্সিন আমার DNA বা জিনগত বিন্যাস পরিবর্তন করে ফেলতে পারে।

বাস্তবতা: এই ভ্যাক্সিন কোনো ব্যক্তির DNA বা জিনগত বিন্যাস পরিবর্তন করতে পারে না।

এই ভ্যাক্সিনের mRNA কখনোই আপনার জেনেটিক উপাদানে কোনোভাবেই প্রভাব ফেলে না বা এর সাথে মিথস্ক্রিয়া করে না। 1-2 সপ্তাহ পর শরীর থেকে এই mRNA বেরিয়ে যায়।

মিথ: ভ্যাক্সিনে mRNA-এর ব্যবহার একটি নতুন প্রযুক্তি যে বিষয়ে আমরা খুব কমই জানি।

বাস্তবতা: বিজ্ঞানীরা কয়েক দশক ধরে ভ্যাক্সিনে mRNA-এর ব্যবহার নিয়ে গবেষণা করছেন।

মিথ: আমার ইতিপূর্বে COVID-19 হয়েছিল, কাজেই আমার ভ্যাক্সিনের প্রয়োজন নেই।

বাস্তবতা: আপনার COVID-19 হয়ে থাকলেও আপনার এই ভ্যাক্সিন নেওয়া উচিত।

বিশেষজ্ঞরা জানেন না যে সংক্রমণের মাধ্যমে প্রাপ্ত অ্যান্টিবডি পুনরায় সংক্রমণ থেকে রক্ষা করতে পারে কিনা। আপনার উপসর্গসমূহ চলে গেলে এবং আপনার জন্য সুপারিশকৃত বিচ্ছিন্ন থাকার সময়সীমা শেষ হয়ে গেলে আপনি এই ভ্যাক্সিন পেতে পারেন।

মিথ: এই ভ্যাক্সিন মানুষের শরীরে ট্র্যাকিং মাইক্রোচিপ স্থাপন করে।

বাস্তবতা: ভ্যাক্সিনটিতে কোনো ট্র্যাকিং ডিভাইস নেই।

এই ভ্যাক্সিনে কোনো মাইক্রোচিপ অথবা ট্র্যাকিং ডিভাইস নেই। ভ্যাক্সিনে মাইক্রোচিপ থাকা সম্পর্কে মিথ্যা দাবি নিয়ে এই মিথ ইন্টারনেটে শুরু হয়।

মিথ: যদি আমার ডিমের প্রতি অ্যালার্জি থাকে, তাহলে আমি COVID-19 ভ্যাক্সিন নিতে পারবো না।

বাস্তবতা: COVID-19 ভ্যাক্সিনে ডিম নেই।

মিথ: COVID-19 ভ্যাক্সিন ভ্রূণের টিস্যু দিয়ে তৈরি করা হয়।

বাস্তবতা: এই ভ্যাক্সিনে ভ্রূণের টিস্যু থাকে না।

ভ্যাক্সিনের উপাদানগুলির মধ্যে রয়েছে mRNA, নোনাপানি, অ্যামাইনস (amines) এবং চিনি।

মিথ: আমি একবার COVID-19 ভ্যাক্সিন পেয়ে গেলে আমার আর মাস্ক পরার দরকার নেই।

বাস্তবতা: ভ্যাক্সিন নেওয়ার পরও আপনার মাস্ক পরা এবং সামাজিক দূরত্ব অনুশীলন অব্যাহত রাখা উচিত।

এই ভ্যাক্সিন পেলেও আপনার COVID-19-এর সকল সুরক্ষা নির্দেশনা মেনে চলা উচিত। ভ্যাক্সিন আপনাকে COVID-19-এর কারণে অসুস্থ হওয়ার হাত থেকে সুরক্ষা দেয়, কিন্তু বিশেষজ্ঞরা জানেন না যে আপনি এখনও ভাইরাসটি বহন করতে এবং তা অন্যদের মধ্যে ছড়িয়ে দিতে পারেন কিনা।



আপনার যদি কোনো প্রশ্ন থাকে তাহলে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন। COVID-19 ভ্যাক্সিন সম্পর্কে nychealthandhospitals.org/covidvaccine ওয়েবসাইট থেকে আরো জানুন।

